



জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়নে সর্বজনীন পেনশন স্কিমের কার্যক্রম শুরু

টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ১৭ আগস্ট, ২০২৩ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সর্বজনীন পেনশন স্কিম উদ্বোধন করেন।

সর্বজনীন পেনশন স্কিমে রেজিস্ট্রেশন করুন: upension.gov.bd

- সর্বজনীন পেনশন স্কিমে ১৮ থেকে ৫০ বছর বয়সী সকল বাংলাদেশি নাগরিক অংশ নিতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে আজীবন পেনশন সুবিধা পাবেন।
- প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ “প্রগতি ও সুরক্ষা” স্কিমে তাঁর পরিবারের ১৮ বা তদুর্ধ্ব এক বা একাধিক সদস্যের (যেমন- স্বামী, স্ত্রী, বাবা, মা, ভাই, বোন) নামে নিবন্ধন করে বৈদেশিক মুদ্রায় জমা প্রদান করতে পারবেন। এক্ষেত্রে তিনি যার জন্য পেনশন অ্যাকাউন্ট পরিচালনা করবেন তাঁর এনআইডি, ব্যাংক হিসাব নম্বর এবং নমিনির তথ্য প্রদানপূর্বক নিবন্ধন করবেন।
- প্রবাস থেকে বৈদেশিক মুদ্রায় প্রেরিত জমার ২.৫ শতাংশ প্রণোদনা পাওয়া যাবে। এ প্রণোদনার অর্থ তার হিসাবে যোগ হবে।
- ব্যাংকে সরাসরি গিয়ে, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে এবং ডেবিট ও ক্রেডিট কার্ড ব্যবহার করে মাসিক নির্ধারিত টাকা জমা দেওয়া যাবে।
- প্রবাসী স্কিমে অংশগ্রহণকারীগণ ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের মাধ্যমে বৈধ চ্যানেলে বৈদেশিক মুদ্রায় মাসিক নির্ধারিত টাকা জমা দিবেন।
- জমার টাকা ট্রেজারি বন্ডসহ নিরাপদ কার্যক্রমে বিনিয়োগ করা হবে।

প্রবাস

বিদেশে কর্মরত বা অবস্থানরত বাংলাদেশি নাগরিক নির্ধারিত অর্থ বৈদেশিক মুদ্রায় জমা দিয়ে এ স্কিমে অংশ নিতে পারবেন। পেনশন স্কিমের মেয়াদ শেষে দেশীয় মুদ্রায় পেনশন দেওয়া হবে। জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্টের ভিত্তিতে যুক্ত হতে পারবেন।

মাসিক জমার পরিমাণ ২০০০, ৫০০০, ৭৫০০ ও ১০০০০ টাকা।

সুরক্ষা

স্বকর্মে নিয়োজিত ব্যক্তিদের জন্য এ স্কিম। কৃষক, রিকশাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, গৃহিণী, তাঁতিসহ সব অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত ব্যক্তিগণ নির্ধারিত হারে জমা প্রদান করে এ স্কিমে যুক্ত হতে পারবেন।

মাসিক জমার পরিমাণ ১০০০, ২০০০, ৩০০০ ও ৫০০০ টাকা।

- সর্বজনীন পেনশন স্কিমে প্রদত্ত জমা বিনিয়োগের ক্ষেত্রে কর রেয়াত পাওয়া যাবে।
- আবেদনের সময় জমাকারীর ব্যাংক অ্যাকাউন্ট থাকা আবশ্যিক।
- মাসিক পেনশন বাবদ প্রাপ্ত অর্থও আয়কর মুক্ত থাকবে।
- নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে, যার বিপরীতে আবেদনকারীর অনুকূলে একটি ইউনিক আইডি প্রদান করা হবে।
- মোবাইল নম্বর ও প্রবাসীদের ইমেইলের মাধ্যমে ইউনিক আইডি নম্বর, জমার পরিমাণ এবং মাসিক জমা প্রদানের তারিখ অবহিত করা হবে।
- সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংকের প্রতিটি শাখা জাতীয় পেনশন কর্তৃপক্ষের সম্মুখ অফিস হিসেবে কাজ করবে।
- পেনশনের টাকা তোলার জন্য কোনো অফিসে যেতে হবে না। আপনার ব্যাংক অ্যাকাউন্টে পেনশন স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।
- পেনশন স্কিম ও জমার পরিমাণ যেকোনো সময় পরিবর্তন করা যাবে। তবে, পেনশনার আইডি অপরিবর্তিত থাকবে।

প্রগতি

বেসরকারি প্রতিষ্ঠানের মালিক ও কর্মচারীদের জন্য এ সুবিধা। প্রাতিষ্ঠানিকভাবে অথবা নিজ উদ্যোগে এককভাবে এ স্কিমে যুক্ত হওয়া যাবে। প্রতিষ্ঠান হিসেবে স্কিমে যোগ দিলে স্কিমের জমার ৫০ শতাংশ কর্মী এবং বাকি অংশ প্রতিষ্ঠান দিবে।

মাসিক জমার হার ২০০০, ৩০০০ ও ৫০০০ টাকা।

সমতা

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী (যাদের আয়সীমা বাৎসরিক অনূর্ধ্ব ৬০ হাজার টাকা) স্বল্প আয়ের নাগরিকগণের জন্য এ স্কিম। সমতা স্কিমে মাসিক জমার পরিমাণ ১০০০ টাকা। যার মধ্যে জমাকারী জমা দিবেন ৫০০ টাকা এবং বাকি ৫০০ টাকা দিবে সরকার।

সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কে
আরও জানতে স্ক্যান করুন



সুখে ভরবে আগামী দিন
পেনশন এখন সর্বজনীন

আমাদের ওয়েবসাইট
ভিজিট করতে স্ক্যান করুন





জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

রেজিস্ট্রেশন প্রক্রিয়া

জাতীয় পেনশন কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.upension.gov.bd) প্রবেশ করুন

রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্বাচন করুন

এনআইডি/জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন
অথবা

এনআইডি না থাকলে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ পাসপোর্ট নম্বর, জন্ম তারিখ ও মোবাইল নম্বর
টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন

ব্যক্তিগত তথ্য এন্ট্রি করুন- পেশা, বাৎসরিক আয় এবং স্থায়ী ঠিকানা

ব্যাংক তথ্য এন্ট্রি করুন- হিসাব নাম, অ্যাকাউন্ট নম্বর এবং রাউটিং নম্বর

নমিনির পরিচয়পত্রের ধরণ, সম্পর্ক ও শতাংশ এন্ট্রি করুন

সেভ বাটনে ক্লিক করে সম্পূর্ণ ফরমটি দেখুন অথবা ডাউনলোড করুন।
এরপর সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন

পেমেন্ট করার জন্য পেমেন্ট বাটনে ক্লিক করুন; পেমেন্ট মেথড সিলেক্ট করে পেমেন্ট করুন

পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন এবং মোবাইল ও প্রবাসীদের ক্ষেত্রে ই-মেইলে
প্রাপ্ত মেসেজ সংরক্ষণ করুন (মেসেজে পেনশনার আইডি দেয়া হয়, যা ইউজার আইডি)

পেনশনার আইডি ও ন্যূনতম ৬ ডিজিটের পাসওয়ার্ড দিয়ে ওকে বাটনে ক্লিক করুন

পেনশনার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখুন। এ পেনশনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে
নমিনি পরিবর্তন এবং জমাকৃত অর্থের হিসাব দেখা যাবে।

বাস্তবায়নে: জাতীয় পেনশন কর্তৃপক্ষ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ওয়েব লিঙ্ক: [upension.gov.bd](http://www.upension.gov.bd)

যোগাযোগ (সপ্তাহে ৭ দিন ২৪ ঘণ্টা)

৩৩৩ অথবা +৮৮ ০৯৬৬৬ ৭৮৯ ৩৩৩ (বিদেশ হতে)

বাংলাদেশের কার্যদিবসে (সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা)

+৮৮ ০১৫৫০ ০৭৯৯২৯, +৮৮ ০১৫৫০ ০৭৯৯৪৫, +৮৮ ০১৫৫০ ০৭৯৯৮৩, +৮৮ ০১৫৫০ ০৭৯৯৮৪

মুদ্রণ: মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর